গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নগরকান্দা, ফরিদপুর,
উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সেপ্টেম্বর/২৩ মাসের সভার কার্যবিবরণী

**সভাপতিঃ মোঃ মঈনুল হক**
তারিখঃ ২০-০৯-২০২৩ খ্রিঃ
সময়ঃ সকাল- ১১.০ ঘটিকা
স্থানঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নগরকান্দা, ফরিদপুর।

সভাপতি অংশগ্রহনকারী সদস্যবৃন্দকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার, নগরকান্দা, ফরিদপুরকে আলোচ্য সূচী অনুযায়ী সভা পরিচালনার জন্য আহবান জানান। সদস্য সচিব বিগত সভার কার্য বিবরণী সভায় পাঠ করে শুনান এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর তিনি সভার আলোচ্য সূচী অনুসারে আলোচনা করেন এবং সর্বসম্মতিক্রমে নিম্মরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারীকর্তৃপক্ষ |
|---|---|---|
| **১।সার পরিস্থিতি পর্যালোচনাঃ**<br>সদস্য সচিব, সভাকে জানান যে, সেপ্টেম্বর মাসে ২৮০ মে. টন ইউরিয়া, ৫২ মে. টন টিএসপি, ১৬৪ মে. টন ডিএপি, ১০৬ মে. টন এমওপি সার নগরকান্দা উপজেলায় বরাদ্দ পাওয়া গিয়েছে। এসব সার ০৯ টি ইউনিয়নে ও ০১ টি পৌরসভা বিসিআইসি ডিলারদের মাধ্যমে উত্তোলিত হচ্ছে। উক্ত বরাদ্দ অনুযায়ী অদ্য পর্যন্ত উত্তোলন হয়েছে ২৬৭ মে. টন ইউরিয়া, ১৯.১৫ মে. টন টিএসপি, ৮৮.২৫ মে. টন ডিএপি, ৭২.৯ মে. টন এমওপি সার এবং উপজেলায় বিসিআইসি ও বিএডিসি ডিলারদের কাছে মজুদ আছে ১২৬.৩৫ মে. টন ইউরিয়া, ৩.৮৫ মে. টন টিএসপি, ৩১.৪ মে. টন ডিএপি, ৩১.৬ মে. টন এমওপি সার। | ডিলারগন যাতে বরাদ্দকৃত সার সঠিক ভাবে উত্তোলন করেন সে বিষয়ে কার্যকরী পদক্ষেপ নিতে হবে। কোন অনিয়ম দেখা গেলে আইনানুগ ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি/সদস্যসচিব, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি নগরকান্দা,ফরিদপুর। |
| **২। খুচরা সার ডিলারদের আবেদনের সিদ্ধান্তঃ**<br>সদস্য সচিব, সভাকে জানান যে, মেসার্স তানভীর এন্টারপ্রাইজ, প্রোঃ চৌধুরী মাহফুজা আক্তার, নগরকান্দা বাজার, পৌরসভার একজন খুচরা সার বিক্রেতা ছিলেন। চৌধুরী মাহফুজা আক্তার, এর মৃত্যু জনীত কারনে তার পুত্র মোঃ তানভীর হাসান উত্তরাধিকার সূত্রে তার নামে খুচরা সার বিক্রেতা আইডি কার্ড টি করার জন্য যথাযথ কাগজ পত্র সহ আবেদন করেছেন। উপজেলা সমবায় অফিসার মতামত দেন যে, যেহেতু মেসার্স তানভীর এন্টারপ্রাইজ, প্রোঃ চৌধুরী মাহফুজা আক্তার, নগরকান্দা বাজার, এর নামে বিএডিসি ডিলার রয়েছে. এবং খুচরা সার বিক্রেতা কার্ডও রয়েছে তাই বিষয়টি পর্যালোচনা করা দরকার।<br><br>** মোঃ বিল্লাল তালুকদার, পিতাঃ মোঃ মজিদ তালুকদার, গ্রামঃ জগদিয়া বালিয়া, ওয়ার্ড নং ০৯ ,পৌরসভা। তিনি খুচরা সার বিক্রেতা হিসেবে অনুমোদন ও পরিচয় পত্র পাওয়ার জন্য পৌরসভার মেয়রের সুপারিশ সহ আবেদন করেছেন। বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক মেসার্স ইউসুফ এন্টারপ্রাইজ, প্রোঃ মোঃ ইউসুফ হোসেন, নগরকান্দা বাজার, পৌরসভা এর খুচরা সার বিক্রেতা আইডি কার্ড টি বাতিল করা হয়েছে, তাই বর্তমানে পৌরসভায় একজন খুচরা সার বিক্রেতা কম আছে। অতএব তাকে ঐ স্থানে স্থলাভিষিক্ত করা যেতে পারে। | যেহেতু মেসার্স তানভীর এন্টারপ্রাইজ, প্রোঃ চৌধুরী মাহফুজা আক্তার, নগরকান্দা বাজার, এর নামে বিএডিসি ডিলার রয়েছে, তাই আগামী সভায় সিদ্ধান্ত গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>সর্বসম্মতি ক্রমে মোঃ বিল্লাল তালুকদার, পিতাঃ মোঃ মজিদ তালুকদার, গ্রামঃ জগদিয়া বালিয়া, ওয়ার্ড নং ০৯ ,পৌরসভা কে খুচরা সার বিক্রেতা হিসেবে অনুমোদন ও পরিচয় পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি/সদস্যসচিব, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি নগরকান্দা,ফরিদপুর। |

CamScanner

| | | |
|---|---|---|
| ৩। সার ডিলারদের শৃংখলা/ বিধি ভঙ্গঃ<br>** সদস্য সচিব, সভাকে জানান যে, মেসার্স ওমেদ আলী এন্টারপ্রাইজ, প্রোঃ ওমেদ আলী, নগরকান্দা বাজার, এবং মেসার্স নওয়াব এন্টারপ্রাইজ, প্রোঃ মোঃ নওয়াব আলী ঠাকুর, নগরকান্দা বাজার পৌরসভার খুচরা সার বিক্রেতাকে সার উত্তোলন না করার কারনে বিগত ০৮-০৮-২০২৩ খ্রিঃ তারিখে কারন দর্শানোর নোটিশ করা হয়। নোটিশের জবাবে তারা উভয়েই ভুল স্বীকার করে এবং আগামীতে এ ধরনের ভুল না করার প্রতুশ্রুতি দেন। | সকল দিক পর্যালোচনা সাপেক্ষে সর্বসম্মতি ক্রমে মেসার্স ওমেদ আলী এন্টারপ্রাইজ, প্রোঃ ওমেদ আলী, নগরকান্দা বাজার, এবং মেসার্স নওয়াব এন্টারপ্রাইজ, প্রোঃ মোঃ নওয়াব আলী ঠাকুর, নগরকান্দা বাজার পৌরসভার খুচরা সার বিক্রেতাকে পুনরায় সুযোগ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয় এবং ভবিষ্যতে এ ধরনের ভুল করলে তাদের খুচরা সার বিক্রেতা আইডি কার্ড বাতিল করা হবে বলে সতর্ক করার জন্য বলা হয়। | সদস্য সচিব, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি , নগরকান্দা,ফরিদপুর। |
| ** সদস্য সচিব, সভাকে জানান যে, চরযশোরদী ইউনিয়নের খুচরা সার বিক্রেতা মোঃ জালাল মাতুব্বর বিগত ১ বছর যাবত ডিলারের নিকট থেকে সার উত্তোলন করেন না । এমতাবস্থায় তার খুচরা সার বিক্রেতা আইডি কার্ড টি বাতিল যোগ্য। | তাকে কারন দর্শনোর নোটিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| **মেসার্স এস আর এন্টারপ্রাইজ প্রোঃ জহরুল হক চৌধুরী বিসিআইসি ডিলার, ফুলসূতী ইউনিয়ন এর বিক্রয় কেন্দ্র বিগত ১৪-০৯-২০২৩ খ্রিঃ তারিখে পরিদর্শন করে সার উত্তোলন, মজুদ, ও বিতিরণে গাফলতি দেখা যায়, সে মর্মে উক্ত ডিলারকে কারন দর্শানোর নোটিশ দেয়া হয় এবং ডিলার তার জবাব প্রদানে ভুল স্বীকার করে ক্ষমা চেয়েছেন। | মেসার্স এস আর এন্টারপ্রাইজ প্রোঃ জহরুল হক চৌধুরী বিসিআইসি ডিলার, ফুলসূতী ইউনিয়ন কে প্রথম বারের মত ক্ষমা করে ভবিষ্যতে আরও সতর্ক থাকার নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | |
| ৪। বিবিধঃ সরকার নির্ধারিত মূল্যে সার বিক্রয় নিশ্চিত করার জন্য মোবাইল কোর্ট পরিচালনা করা প্রয়োজন । | প্রয়োজনে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে । | সভাপতি/সদস্য সচিব, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি , নগরকান্দা,ফরিদপুর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

২০/০৯/২৩

মোঃ মঈনুল হক
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি
নগরকান্দা ,ফরিদপুর

মোঃ মঈনুল হক
উপজেলা নির্বাহী অফিসার
নগরকান্দা,ফরিদপুর।

CamScanner

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশ সরকার
উপজেলা কৃষিঅফিসারেরকার্যালয়
নগরকান্দা, ফরিদপুর।
www.dae.nagarkanda.faridpur.gov.bd

স্মারকনং- ১২.১৮.২৯৬২.০৩৯.১৬.০০৫.২৩.৫৭৮

তারিখ ঃ ২০/০৯/২০২৩খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জেষ্ঠতার ভিত্তিতে নয়)-

১. উপজেলার মাননীয় সংসদ সদস্য ফরিদপুর-২।

২. উপজেলা চেয়ারম্যান, নগরকান্দা, ফরিদপুর।

৩. উপজেলা ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান, নগরকান্দা, ফরিদপুর।

৪. উপজেলা নির্বাহী অফিসার, নগরকান্দা, ফরিদপুর।

৫. উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর।

৬. উপজেলা মৎস্য কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর।

৭. উপজেলা সমবায় কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর।

৮. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর।

৯. থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর।

১০. বিএডিসির উপজেলাস্থ বীজ/সার সংসশ্লিষ্ট প্রতিনিধি।

১১. উপজেলাধীন সকল ইউপি চেয়ারম্যান।

১২. বিএফএ-এর প্রতিনিধি, নগরকান্দা ফরিদপুর।

১৩. উপজেলা পরিষদ মনোনিত কৃষক প্রতিনিধি।

১৪. সভাপতি/ সাধারণ সম্পাদক প্রেসক্লাব/ মডেল প্রেসক্লাব, নগরকান্দা।

২০/০৯/২৩

(তিলোক কুমার ঘোষ)
উপজেলা কৃষিঅফিসার
নগরকান্দা, ফরিদপুর।
ইমেইলঃuaonagarkanda@dae.gov.bd

CamScanner

২০-০৯-২০২৩ খ্রিঃ তারিখ বেলা ১০.০০ ঘটিকায় অনুষ্ঠিত জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের নামের তালিকা –

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | মোঃ চুন্নু শেখ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,নগরকান্দা, ফরিদপুর | স্বাক্ষরিত |
| ২ | তিলোক কুমার ঘোষ | উপজেলা কৃষি অফিসার, নগরকান্দা, ফরিদপুর | স্বাক্ষরিত |
| ৩ | ডাঃ মোঃ সাইফুল ইসলাম | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর | স্বাক্ষরিত |
| ৪ | মোঃ আবুল হোসেন | উপজেলা সমবায় কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর | স্বাক্ষরিত |
| ৫ | মিয়া মোঃ আরিফুল আজম | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা নগরকান্দা,ফরিদপুর | স্বাক্ষরিত |
| ৬ | আবদুল্লাহিল আবরার | উপজেলা মৎস্য কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর | স্বাক্ষরিত |
| ৭ | মোস্তফা খান | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, কাইচাইল | স্বাক্ষরিত |
| ৮ | মোঃ হারুন অর রশিদ | বিএফএ, প্রতিনিধি, নগরকান্দা,ফরিদপুর | স্বাক্ষরিত |
| ৯ | মোঃ মিরাজ কাজী | বিএসএ , সদস্য , নগরকান্দা,ফরিদপুর | স্বাক্ষরিত |

CamScanner